

# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 06-10-2026**

**Time: 1.30 PM**

#### বিশেষ বিশেষ খবরঃ-

১) কঠোর নিরাপত্তায় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের রেজিনগর ও পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এবং তামিলনাড়ুর দুটি ও পুদুচেরীর একটি বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণ চলছে। ভোট নেওয়া হচ্ছে আসামের নওগাঁ লোকসভা আসনেও।

২) বিজেপি উত্তরপ্রদেশের জন্য রাজ্যসভায় তাদের ৮ প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৩) প্রতিরক্ষা মন্ত্রী বিশাখাপত্তনমে হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেডে নৌবাহিনীর জন্য একটি জাহাজের উদ্বোধন করেছেন।

৪) বিদেশমন্ত্রী পাঁচ দিনের সফরে ঘানা আইভরিকোস্ট এবং ইথিওপিয়া যাচ্ছেন।

৫) আফগান জনগণের কল্যাণে ভারত তার অঙ্গীকার আবারও ব্যক্ত করেছে।

৬) পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে খেলবে।

---

কঠোর নিরাপত্তায় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের রেজিনগর ও পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম আসনে উপ-নির্বাচনে ভোটগ্রহণ চলেছে। সন্ধ্যা ৬-টা পর্যন্ত ভোট নেওয়া হবে। বেলা ১১টা পর্যন্ত রেজিনগরে ৩৮ দশমিক সাত এক শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। নন্দীগ্রামে ১১ টা পর্যন্ত ভোট পড়েছে ৪৩ দশমিক নয় পাঁচ শতাংশ।

এদিকে, নন্দীগ্রামে ভোটপর্ব মোটামুটি শান্তিপূর্ণ হলেও ২-১-টি বিক্ষিপ্ত ঘটনার খবর মিলেছে। সোনাচুড়ার দুটি বুথে কংগ্রেস প্রার্থী মিলন প্রধানকে ঘিরে বিক্ষোভ দেখান এলাকার কিছু ভোটদাতা। বাহাদুরপুর - হরিপুরে কংগ্রেসের বুথ কর্মীকে ভীতি প্রদর্শন করা হচ্ছে - এই দাবিতে মিলন প্রধানের নির্বাচনী প্রতিনিধি সুব্রত মহাপাত্র বিধানসভার রিটার্নিং অফিসারের কাছে ইমেল মারফত অভিযোগ জানিয়েছেন।

নন্দীগ্রাম এক ব্লকের নন্দনায়ক বার প্রাথমিক বিদ্যালয়ে আজ মুখ্যমন্ত্রী ভোট দেন।

নন্দীগ্রামে মোট ৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হচ্ছে। ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ৬৭ হাজারের কিছু বেশি। ৩৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

মুর্শিদাবাদের রেজিনগর বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণ সকালে শান্তিপূর্ণভাবে শুরু হলেও, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে নানা ঘটনায় উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। কংগ্রেস, সিপিআইএম এবং আম জনতা উন্নয়ন পার্টির অভিযোগ, রেজিনগর বিধানসভার প্রায় ৭০ শতাংশ বুথ দখল করেছে বিজেপি। শক্তিপুরের সোমপাড়া-১ গ্রামপঞ্চায়েতের বলিহারপাড়া, মহম্মদপুর, পলিতাপাড়া ও মহতপুর-সহ ছ'টি বুথ, বাছড়া গ্রামপঞ্চায়েতের বিদুপাড়ার তিনটি, বাছড়ার দু'টি এবং কাদখালির দু'টি বুথ দখলের অভিযোগ উঠেছে। মিল্কি পঞ্চায়েতের ঘোন্না ও লাহারপাড়া বুথেও দখলের অভিযোগ রয়েছে। এছাড়া বেলডাঙার বেগুনবাড়িতে রাজ্য পুলিশের মদতে বুথে ছাপ্পা ভোটের অভিযোগ উঠেছে।

মীর্জাপুরের কাপাসডাঙাতেও বিরোধী ভোটদেবের ভয় দেখানোর অভিযোগ ওঠে। এদিকে, সকালে বারবার পুলিশকে হুমকি ও উস্কানিমূলক মন্তব্যের পাশাপাশি নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগে আম জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবীরকে দলীয় কার্যালয় থেকে প্রথমে আটক এবং পরে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন তাঁর সঙ্গে থাকা দলীয় প্রার্থী গোলাম নবী আজাদ। ভোট লুটের অভিযোগ তুলে রেজিনগর থানার সামনে অবস্থানে বসেন কংগ্রেস প্রার্থী আব্দুল্লাহিল কাফি ও তাঁর ইলেকশন এজেন্টরা। একই অভিযোগে বহরমপুরে প্রতিবাদ মিছিল করে কংগ্রেস। রাজ্যের প্রাক্তন মন্ত্রী মনোজ চক্রবর্তী, প্রদেশ কংগ্রেসের মুখপাত্র জয়ন্ত দাস, শাহনাজ বেগম ও হিরু হালদারের নেতৃত্বে জেলাশাসকের কার্যালয়ের গেটের সামনে বিক্ষোভ অবস্থান শুরু হয়েছে। কিছুক্ষণ আগে সেখানে পৌঁছেছেন দলের নেতা অধীর চৌধুরী।

এছাড়াও তামিলনাড়ুর মাদুরান্তকাম এবং ধারাপুরম, পুদুচেরীর থাট্টানচাভাডি এবং আসামের নওগাঁ লোকসভা আসনেও ভোট নেওয়া হচ্ছে।

এই কেন্দ্রগুলিতেও ভোট গ্রহণ পর্ব এ পর্যন্ত মোটামুটি শান্তিপূর্ণ বলে জানা গেছে। ভোট গণনা ৯ ই অক্টোবর।

বিজেপি উত্তরপ্রদেশের জন্য রাজ্যসভায় তাদের ৮ প্রার্থীর নাম ঘোষণা করেছে। এরা হলেন ধরম পাল সিং, রাধাকান্ত ওঝা, প্রকাশ পাল, বিদ্যাসাগর সোনকার, গৌপীকৃষ্ণ পাণ্ডে, প্রিয়াঙ্কা সিং রাওয়াত, রামপ্রতাপ সিং চৌহান এবং শ্রুতি গাঙ্গায়ার। নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেওয়ার আজই শেষ দিন। এমাসের ১৬ তারিখ উত্তরপ্রদেশ ছাড়াও উত্তরাখন্ডের রাজ্যসভার একটি আসনে ভোট নেওয়া হবে। পাশাপাশি পশ্চিমবঙ্গে রাজ্যসভায় একটি আসনের উপনির্বাচনও ঐ দিন হবে।

বিজেপি পশ্চিমবঙ্গের এই আসনে রুশ্বিনী মল্লিক ওরফে কোয়েল মল্লিককে প্রার্থী করেছে। শ্রীমতি মল্লিক গতকাল তাঁর মনোনয়ন জমা দিয়েছে।

---

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বিশাখাপত্তনমের হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেডে 'ফ্লিট সাপোর্ট শিপ-১' বা FSS-1 জাহাজের -এর উদ্বোধন করেছেন। তিনি 'ফ্লিট সাপোর্ট শিপ-৫' বা FSS-5 জাহাজটির কাঠামো নির্মাণের সূচনাও করেছেন।

৪৩ হাজার ৫০০ টনের এই জাহাজগুলি গভীর সমুদ্রে ভারতীয় নৌবাহিনীর রণতরীগুলিতে প্রয়োজনীয় রসদ ও জ্বালানি সরবরাহ করবে, যার ফলে ভারত মহাসাগরীয় অঞ্চলে নৌবাহিনীর কর্মক্ষমতা আরও বৃদ্ধি পাবে। শ্রী সিং উদ্বোধনী অনুষ্ঠানে মন্তব্য রাখতে গিয়ে বলেন –

(বাইট)

---

দেশে নৈরাজ্যের পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বিরোধী দলগুলো—বিশেষ করে কংগ্রেস—একটি পরিকল্পিত প্রচেষ্টা চালাচ্ছে বলে আজ অভিযোগ করেছে বিজেপি। নতুন দিল্লিতে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে বিজেপির মুখপাত্র সম্বিত পাত্র বলেন, এই উদ্দেশ্যে বিরোধী দলগুলো পরিকল্পিতভাবে দেশের সাংবিধানিক সংস্থাগুলোর বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য করেছে। তিনি উল্লেখ করেন , বিরোধী দলগুলো বিভিন্ন সময়ে ভারতীয় সেনাবাহিনী, সুপ্রিম কোর্ট, হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড এবং ইভিএম-কে (EVM) লক্ষ্যবস্তু করেছে। সম্বিত পাত্র আরও বলেন, নৈরাজ্যের পরিবেশ তৈরির লক্ষ্যে গত কয়েক সপ্তাহ ও মাস ধরে নির্বাচন কমিশনকেও বিরোধীরা নিশানা করেছে।

-----

সামাজিক মাধ্যমে একটি বিকৃত সিসিটিভি ফুটেজ আপলোড করে পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অভিযোগে দিল্লি পুলিশ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। নতুনদিল্লিতে এক সংবাদ সম্মেলনে দিল্লি পুলিশের পক্ষে মনজিৎ শিওরান জানান, সাইবার থানা বিষয়টি শনাক্ত করার পর একটি এফআইআর দায়ের করা হয়। তদন্তে জানা গেছে, সংশ্লিষ্ট ব্যক্তি হরিয়ানার বাসিন্দা। ওই ব্যক্তি এ-আই-এর সাহায্যে বিকৃত এই ফুটেজটি তৈরি করে। এর মূল উদ্দেশ্য পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করা, বিশৃঙ্খলা ছড়ানো এবং এমন এক অস্থির পরিবেশ তৈরি করা যা বিক্ষোভকারীদের উত্তেজিত করে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে পারে।

-----

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহনমন্ত্রী রাম মোহন নাইডু বলেছেন, পশ্চিম এশিয়ার সংকট অন্যতম উদ্বেগের বিষয়। এর ফলে বিমান পরিবহনে কিছু সমস্যা দেখা যাচ্ছে। বিমান পরিবহনের জ্বালানী বা ATF-এর দাম বেড়েছে।

নতুনদিল্লিতে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলার সময় শ্রী নাইডু বলেন, বিমানের জ্বালানির দাম নিয়ে পরিস্থিতি পর্যালোচনা করতে সরকার বিমান সংস্থা এবং তেল বিপন্ন সংস্থাগুলির সঙ্গে আলোচনা করছে।

তিনি জানান, মন্ত্রক সমস্ত সংশ্লিষ্ট পক্ষকে নিয়ে একটি বৈঠকের পর পরিস্থিতি পর্যালোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

-----

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর আজ থেকে পাঁচদিনের সফরে ঘানা, আইভরি কোস্ট এবং ইথিওপিয়া যাচ্ছেন। সফরকালে ড. জয়শঙ্কর সংশ্লিষ্ট দেশগুলির বিদেশমন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। এর পাশাপাশি এই তিন দেশের শীর্ষ নেতৃত্বের সঙ্গেও তাঁর সাক্ষাৎ করার কথা রয়েছে।

বাণিজ্য ও অর্থনীতি, উন্নয়নে সহযোগিতা এবং জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্কের মতো বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক বিষয় নিয়ে আলোচনা হবে। এছাড়া তিনি পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়েও মতবিনিময় করবেন। আদিস আবাবায় বিদেশমন্ত্রী জয়শঙ্কর 'আঞ্চলিক মিশনগুলির প্রধানদের সম্মেলন'-এ সভাপতিত্ব করবেন।

ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, ড. জয়শঙ্করের এই সফর আফ্রিকার সঙ্গে ভারতের অংশীদারিত্ব জোরদার করার পাশাপাশি 'গ্লোবাল সাউথ'-এর ভিত্তিকে আরও সুদৃঢ় করবে।

---

মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও ন্যাটো গোষ্ঠীভুক্ত তিন দেশ সফর শুরু করেছেন। তিনি বলেছেন, আইসল্যান্ড মার্কিন যুক্তরাষ্ট্রের ভালো বন্ধু। সুমেরু অঞ্চলের নিরাপত্তা এবং প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতা নিয়ে তারা আলোচনা করবে। সফরের পরবর্তী পর্যায়ে তিনি গ্রীস এবং পর্তুগাল যাবেন।

গ্রীসে জ্বালানী ক্ষেত্রে সহযোগিতা নিয়ে তাদের মধ্যে আলোচনা হবে বলে ধারণা করা হচ্ছে।

---

আফগানিস্তানের সার্বভৌমত্ব ঐক্য এবং ভৌগোলিক অখণ্ডতার পক্ষে ভারত তার সমর্থন পুনর্ব্যক্ত করেছে। মস্কোতে অনুষ্ঠিত আফগানিস্তান নিয়ে অষ্টম আলোচনা পর্বে ভারতীয় প্রতিনিধি দল আফগান জনগণের কল্যাণের পক্ষে মত প্রকাশ করেছে। এই আলোচনায় ভারতের নেতৃত্ব দিচ্ছেন রাশিয়ায় নিযুক্ত রাষ্ট্রদূত বিনয় কুমার এবং বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব ডঃ এম সুরেশ কুমার। ভারত এবং রাশিয়া ছাড়া ইরান, কাজাখিস্তান, চীন, কিরগিজিস্তান, পাকিস্তান, তাজিকিস্তান এবং উজবেকিস্তানের প্রতিনিধিরা আলোচনায় যোগ দিয়েছেন। বেলারুশ এবং মিশর অতিথি হিসেবে এই আলোচনায় উপস্থিত রয়েছে।

---

দক্ষিণী বিশ্বের বৃহত্তর প্রতিনিধিত্ব নিশ্চিত করতে এবং উন্নয়নশীল দেশগুলোর জন্য ব্যয়সাশ্রয়ী নানা উন্নয়নে অর্থর যোগান সুনিশ্চিত করতে আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানগুলির সংস্কারের আহ্বান জানিয়েছে ভারত । রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদের দ্বিতীয় কমিটিতে বক্তব্য রাখার সময় ভারতের প্রতিনিধি, সাংসদ সি. পি. জোশি বলেন, একবিংশ শতাব্দীর চাহিদা পূরণের লক্ষ্যে এই আর্থিক প্রতিষ্ঠানগুলির পুনর্গঠন করতে হবে।

---

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, সংস্কৃত ভাষা হল সেই সোনালী সুত্র, যা ভারতের সমস্ত ভাষাকে সংযুক্ত করে। আজ নতুন দিল্লিতে শ্রী লাল বাহাদুর শাস্ত্রী জাতীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে , তিনি বলেন, প্রতিটি ভারতীয় ভাষাই মহিমান্বিত এবং দেশের সংস্কৃতিতে এর বিশেষ অবদান রয়েছে। তিনি উল্লেখ করেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংস্কৃতসহ অন্যান্য ভাষার প্রসারে

নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছেন। উপরাষ্ট্রপতি বলেন, 'জাতীয় শিক্ষানীতি ২০২০'-তে ভারতীয় শিক্ষাব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব আরোপের মাধ্যমে এই দৃষ্টিভঙ্গির ওপর আরও জোর দেওয়া হয়েছে।

---

পাট ম্যাচের টি-২০ ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। লখনউ-এর একানা ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাতটায়। ভারতীয় দল সদ্য সমাপ্ত এশিয়ান গেমসে পাকিস্তানকে হারিয়ে স্বর্ণপদক জয় করেছে। ফলে আত্মবিশ্বাস নিয়েই মাঠে নামবে শ্রেয়স আইয়ারের নেতৃত্বে ভারতীয় দল।

---